

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. একেএম নুরুজ্জামান
সভার তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২০
সময় : ১২:০০ ঘটিকা
সভার স্থান : রুম নং-১২৫০, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-‘ক’

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। শুধুমাত্র তথ্যপ্রযুক্তি খাতে উদ্ভাবনী কর্মকাণ্ডকে প্রাধান্য প্রদান না করে পিকেএসএফ-এর সার্বিক কার্যক্রমে তথ্যপ্রযুক্তি ও উদ্ভাবনী প্রক্রিয়াকে প্রাধান্য দিয়ে পুনরায় ইনোভেশন টিমের সদস্য নির্বাচন করা যেতে পারে বলে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:


আলোচ্য বিষয়-১: আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ২০২০-২১ অর্থ-বছরে ইনোভেশন কমিটির ১ম সভার আলোচনা ও সিদ্ধান্ত।

সভায় উল্লেখ করা হয় যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০২০-২১ অর্থ-বছরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভা এ বিভাগের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার জনাব আবদুল্লাহ হারুন পাশা-এর সভাপতিত্বে ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা এবং বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের তত্ত্বাবধানে অনুষ্ঠিত সভায় বিগত সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক গৃহীত উদ্ভাবনী কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করা হয়। পিকেএসএফ-এর পক্ষ থেকে ড. একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক সভায় পিকেএসএফ-এর ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম উপস্থাপন করেন। উক্ত সভায় সভাপতি মহোদয় সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের এবং নতুন নতুন ধারণা নিয়ে উদ্ভাবন কর্মকাণ্ড গ্রহণে সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের পরামর্শ প্রদান করেন। আপনারা সকলেই অবগত রয়েছেন যে, ইনোভেশন বিষয়ে ২০১৯-২০ অর্থ-বছরে বার্ষিক মূল্যায়ন এবং ২০২০-২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনা ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

আলোচ্য বিষয়-২: ২০২০-২১ অর্থ-বছরে পিকেএসএফ-এর ইনোভেশন কর্মকাণ্ডে করণীয়।

বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অগ্রগতি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ২০২০-২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনায় গৃহীত এবং ১.২-এ উল্লিখিত কার্যক্রম সম্পর্কে অর্থাৎ “বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ” বিষয়ে একটি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য আগামী ০১/১০/২০২০ তারিখের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপনের জন্য জনাব ফারজানা হামিদ, ব্যবস্থাপক (জনবল), পিকেএসএফ এবং সদস্য সচিব, ইনোভেশন কমিটি-কে পরামর্শ প্রদান করা হয়।




পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

খ) ২০২০-২১ অর্থ-বছরের কর্ম-পরিকল্পনায় গৃহীত এবং ১২.১-এ উল্লিখিত কার্যক্রম সম্পর্কে অর্থাৎ “ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন” বিষয়ে একটি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য আগামী ০১/১০/২০২০ তারিখের মধ্যে খসড়া প্রতিবেদন উপস্থাপনের জন্য জনাব আবু হায়াৎ মোঃ রাহাত হোসেন, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম), পিকেএসএফ এবং সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ প্রদান করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. একেএম নুরুজ্জামান)
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। ইনোভেশন কমিটির সকল সদস্য
- ২। সকল কর্মকর্তা-কর্মচারী (ল্যানের মাধ্যমে)
- ৩। সংশ্লিষ্ট নথি।